সিনিয়র গ্রুপে ওল্ড টাইগার্স, জুনিয়রে ২০০২ চ্যাম্পিয়ন

ভাঙলো প্রাণের মেলা। ২৩ এপ্রিল শুরু হয়ে ২৫ এপ্রিল বিকালে ফাইনাল খেলার মধ্যে দিয়ে শেষ হলো মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় (এমজিএইচএস) ক্রিকেট টুনামেন্ট। বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থীদের যেন এক মিলনমেলায় পরিণত হয়েছিলো।

১৯৭৫ থেকে ২০১০ সালের এসএসসি ব্যাচ ভিত্তিক এ ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করে বিদ্যালয়ের ২০০৪ সালের ব্যাচের শিক্ষার্থীরা। তাদের এ আয়োজন প্রাণের সঞ্চার তৈরি করে বন্ধুত্তের মেল বন্ধন সৃষ্টি করেছে। তরুণ সমাজ যখন মোবাইলসহ বিভিন্ন ধরণের নেশায় আসক্ত ঠিক সে মুহুর্তে এ আয়োজন মেহেরপুরে নতুন এক বার্তা বয়ে নিয়ে এসেছে। এ টুর্নামেন্টকে ঘিরে দুর দুরান্তের দর্শকরাও বিমোহিত ছিলো চেয়ারবিহীন গ্যালারিতেও। চার ছক্কা কিংবা আউট হলেও মিউজিকের শব্দে পুরো খেলার মাঠে উৎসবের আমেজ তৈরি হচ্ছিলো। টুর্নামেন্টে দুটি গ্রুপে ১২ টি দল অংশ নেয়। সিনিয়র গ্রুপে ১৯৭৫ থেকে ১৯৯১ পর্যন্ত এসএসসি ব্যাচসহ ২০০১ সাল পর্যন্ত ৪টি দল এবং জুনিয়র গ্রুপে ২০০২ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত ৮টি দল খেলায় অংশ নেয়।

সিনিয়র গ্রুপে ওল্ড টাইগার ২০০১ ব্যাচকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় এবং ২০০২ ব্যাচ ২০১০ ব্যাচকে হারিয়ে জুনিয়র গ্রুপের শিরোপা ঘরে তোলে।

গতকাল মঙ্গলবার দুপুরে সিনিয়র গ্রুপের ফাইনাল খেলায় ৮ উইকেটে ২০০১ ব্যাচকে পরাজিত করে। টস জিতে প্রথমে ব্যাট করতে নেমে ২০০১ ব্যাচ ৮ ওভারে ১ উইকেট হারিয়ে ৯২ রান সংগ্রহ করে। দলের পক্ষে ফয়সাল ৪২ করে রান করে। জবাবে খেলতে নেমে ওল্ড টাইগার্স ২ উইকেট হারিয়ে শ^◌াসরুদ্ধকর ম্যাচ জিতে নেয়। শেষ বলে ওল্ড টাইগার্স এর প্রয়োজন ছিল পাঁচ রান। অভিজ্ঞ অলরাউন্ডার লিটিল শেষ বল থেকে ৬ রান করে নাটকীয়ভাবে দলকে জয়ী করান। খেলা শেষে ওল্ড টাইগার্সের খেলোয়াড়রা উল্লাসে ফেটে পড়েন। দলের পক্ষে জুয়েল সর্বোচ্চ ৪৭ রান করেন।

বিকালে জুনিয়র গ্রুপের ফাইনাল খেলায় ২০০২ এর ব্যাচ ৪২ রানের বড়

ব্যবধানে ২০১০ ব্যাচকে পরাজিত করে। টস জিতে প্রথমে ব্যাট করতে নেমে ২০০২ ব্যাচ ৮ ওভারে ৪ উইকেট হারিয়ে ১১১ রান সংগ্রহ করে। দলের পক্ষে ইমরুল কায়েস ৩২,ইমন ২৪, জিকো ২২ এবং ফয়সাল ২০ রান করেন। ২০১০ ব্যাচের নির্ঝর, বিজন এবং রাজু ১টি করে উইকেট লাভ করেন।

জবাবে খেলতে নেমে ২০১০ ব্যাচ নির্ধারিত ৮ ওভারে ৬ উইকেট হারিয়ে ৭০ রান তুলতে সমর্থ হন। ২০০২ ব্যাচের জিকো ও উজ্জল দুটি করে উইকেট লাভ করেন। খেলায় বিজয়ী দলের পক্ষে ইমরুল কায়েস ম্যান অফ দ্যা ফাইনাল,ম্যান অব দ্য টুর্নামেন্ট,সর্বোচ্চ ছক্কা ও সেরা ক্যাচ নির্বাচিত হন।

খেলা শেষে চ্যাম্পিয়ন, রানার্স আপ দলের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। স্টাসিস গ্রুপের স্বত্বাধিকার নিশাত বিন জিয়া রুম্মান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার তুলে দেন।

এসময় তিনি বলেন, আমি এ স্কুলে লেখাপড়া না করলেও মেহেরপুরের প্রতি আমার মায়া রয়েছে। আয়োজকবৃন্দরা এ ধরণের খেলা যতদিন আয়োজন করবে স্ট্যাসিস গ্রুপ প্রতিবারই এ খেলার স্পন্সর করবে।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে চ্যাম্পিয়ন ২০০২, রানার্স আপ ২০১০, সিনিয়র গ্রুপে চ্যাম্পিয়ন ওল্ড টাইগার্স, রানার্স আপ ২০০১ সহ দুটি গ্রুপের ম্যান অফ দ্যা টুর্নামেন্ট ইমরুল কায়েস এবং জুয়েল, ম্যান অব দা ফাইনাল জিকো,ফেয়ার প্লেট ট্রফি ২০০৪ ব্যাচ, সেরা রান সংগ্রহকারী,সর্বোচ্চ ছক্কা সেরা ক্যাচ ম্যান অব দ্যা সিরিজ ২০০২ এর ইমরুল কায়েসকে পুরস্কার তুলে দেওয়া হয়।

এছাড়াও প্রতিটি খেলার ম্যান অব দ্যা ম্যাচ হিসেবে ইয়ারুল (২০০৮), জীবন(২০০৪), আসিফ (২০১১), ইমরুল কায়েস (২০০২), বিজন (২০১০), অমি (২০০৯),জুয়েল ( ওল্ড টাইগার্স), রাসেল (২০০৪), জনি (২০০৫),পল্লব(২০১০), রনি(২০০১), অমি (২০০৯), জিকো (২০০২),নির্ঝর (২০১০),সোহাগ(২০০২)কে পুরস্কার তুলে দেওয়া হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে অন্যদের মধ্যে সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের সাবেক শিক্ষক কাজী আনিসুজ্জামান, নাসির উদ্দিন, আব্দুর রাজ্জাক, সুশীল চক্রবর্তী,ব্যবসায়ী ফিরোজ আহমেদ, সোনিয়া শারমিন, টুর্নামেন্টের মূল উদ্যোক্ত সাইদুর রহমান সিমন, কানন, রাসেল প্রমুখ উপস্থিত ছিলেন। একই সঙ্গে উপস্থিত শিক্ষকদের সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

মুজিবনগর থানা পুলিশ অভিযানে ঢাকা এয়ারপোর্ট থেকে পলাতক আসামী গ্রেফতার

মুজিবনগর থানা পুলিশের অভিযানে ঢাকা এয়ারপোর্ট থেকে দুর্ধষ পলাতক আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।

গোপন তথ্যের ভিত্তিতে গতকাল মঙ্গলবার ভোর হযরত শাহজালাল (র:) আন্তর্জাতিক বিমানবন্দর থেকে এয়ারপোর্ট ইমিগ্রেশন পুলিশের সহায়তায় মুজিবনগর এলাকায় ত্রাস সৃষ্টিকারী, হত্যা, ডাকাতি ও বিস্ফোরক দ্রব্য আইনসহ ০৮ টি বিভিন্ন মামলার ওয়ারেন্টভুক্ত দুর্ধষ পলাতক আসামী উপজেলার মহাজনপুর ইউনিয়নের যতারপুর গ্রামের সিরাজুল ইসলাম সিরাজ এর ছেলে সেলিম রেজাকে (৩৫) গ্রেফতার করে মুজিবনগর থানা পুলিশ।

মুজিবনগর থানা সুত্রে জানা গেছে, মুজিবনগর থানা অফিসার ইন-চার্জ (ওসি) মেহেদী রাসেলের দিকনির্দেশনায় মুজিবনগর থানার এসআই উত্তম কুমার, এএসআই আব্দুল মালেক ও সঙ্গীয় ফোর্স এয়ারপোর্ট এলাকায় অভিযান পরিচালনা করে আসামীকে গ্রেফতার করে।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান, অপরাধ সংঘটিত করে উক্ত আসামি সুকৌশলে পালিয়ে গিয়ে দীর্ঘদিন মালয়েশিয়ায় পলাতক অবস্থায় ছিল। গোপন সংবাদ পাওয়া যায় সে গোপনে বাংলাদেশে আসছে এর উপর ভিত্তি করে অভিযান চালিয়ে তাকে এয়ারপোর্ট থেকে গ্রেফতার করা হয়। আসামীকে প্রয়োজনীয় পুলিশ প্রহরার মাধ্যমে বিজ্ঞ আদালতে প্রেরণ করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে তিনি জানান।

গাংনী যাত্রা শিল্পী উন্নয়ন পরিষদের কমিটি গঠন সভাপতি আজগর সম্পাদক অল্ডাম

বাংলাদেশ যাত্রাশিল্প উন্নয়ন পরিষদের গাংনী উপজেলা শাখার কার্যকরী কমিটি গঠন সম্পন্ন হয়েছে। বিলুপ্ত প্রায় সুস্থ বিনোদনের মাধ্যম ঐতিহ্যবাহী গ্রামীণ সংস্কৃতির শেকড় দর্শক নন্দিত যাত্রাশিল্পকে ফিরিয়ে আনার প্রত্যয়ে গাংনীতে গঠন করা হয়েছে কার্যকরী কমিটি। গত রবিবার সকাল ১১ টার সময় গাংনীর ঐতিহ্যবাহী নাট্যক্লাব ‘সীমান্ত অপেরা’র নিজস্ব কার্যালয়ে ত্রি-বার্ষিক কর্মী সম্মেলনের মাধ্যমে সর্বসম্মতিক্রমে ৩৫ সদস্য বিশিষ্ট উপজেলা কমিটি গঠিত হয়েছে।

সীমান্ত অপেরা’র পরিচালক ও প্রযোজক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়। ব্যাপক আলোচনা শেষে নাট্যশিল্পী আলী আজগরকে সভাপতি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম কে সাধারন সম্পাদক মনোনীত করে কার্যকরী নির্বাহী কমিটি গঠন করা হয়।

উপজেলা কমিটির উপদেষ্টা মন্ডলীকে রয়েছেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সর্বজন শ্রদ্ধেয় সিরাজুল ইসলাম,কমরেড আব্দুল মাবুদ, আবুল কাশেম অনুরাগী সহ যাত্রাশিল্পী সংস্কৃতির সাথে জড়িত ব্যক্তিবর্গ।

একইভাবে গাংনী পৌর কমিটিও গঠন করা হয়। যাত্রাশিল্পী সংগঠক মো. কুতুবউদ্দীনকে সভাপতি ও নাট্যশিল্পী আকবর আলীকে সাধারন সম্পাদক মনোনীত করে ২৫ সদস্য বিশিষ্ট পৌর কার্যকরী কমিটি গঠন করা হয়। গাংনী পৌর কমিটির উপদেষ্টা মন্ডলীতে রয়েছেন সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, আজিজুল হক রানুসহ সংস্কৃতিমনা ব্যক্তিবর্গ। কর্মী সম্মেলনে গাংনী উপজেলার বিভিন্ন গ্রাম থেকে আগত যাত্রাশিল্পী ও মেহেরপুর জেলা পর্যায়ের বিশিষ্ট নাট্যশিল্পীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের বিনোদন কেন্দ্র দর্শনার্থীদের উপচেপড়া ভীড়

তীব্র তাপদাহ উপেক্ষা করেও ঈদ আনন্দ উল্লাসে মেতেছে বিভিন্ন শ্রেনী ও পেশার মানুষ। এক মাস সিয়াম পালনের পর ঈদের দিন বিকেল থেকে উপচেপড়া ভীড় লক্ষ করা গেছে মেহেরপুর জেলার বিভিন্ন বিনোদন কেন্দ্রে। ঈদের দিনের চেয়ে দ্বিতীয় দিনে বিনোদন কেন্দ্র গুলি ভ্রমণ পিয়াসু মানুষের ভীড় উপচেপড়া। স্বামীর হাত ধরে নববধূ, প্রেমিকার হাত ধরে প্রেমিক, আাবার পরিবার পরিজন নিয়ে ঘুরছেন একটু বিনোদনের জন্য।

মেহেরপুরের মুজিবনগর স্মৃতি কমপ্লেক্সে ঘুরতে এসেছেন চুয়াডাঙ্গার তানভীর হুসাইন। সদ্য বিয়ে করেছেন তিনি। এটিই নববধূ পেয়ে প্রথম ঈদ। বউয়ের বায়না মেটাতে প্রথম বেড়াতে এসেছেন মুজিবনগরের ঐতিহাসিক স্থানে।

তিনি জানান, তীব্র গরমে মানুষের জীবন অতিষ্ঠ হয়ে উঠেছিল। ঈদের আগের দিন থেকে মেহেরপুরের আবহাওয়া অনেকটা কমে মানুষের মধ্যে সস্তি এসেছে। বিকেলে ঘুরতে এসে অনেক পরিচিত মানুষের সাথে দেখা হচ্ছে। ঈদের শুভেচ্ছাও বিনিময় হচ্ছে।

আমঝুপি নীলকুঠিবাড়তে ঘুরতে আসা নববধূ মধুমিতা জানায়,রমজান মাসের এক সপ্তাহ আগে তার বিয়ে হয়েছে। অন্যান্য বার ঈদের আনন্দ উপভোগ করতেন পিতা-মাতা ভাই-বোনদের সাথে। এবার তার স্বামীর সাথে ঘুরতে এসেছেন নীলকুঠিবাড়িতে। এখানে ঘুরতে এসে নাগরদোলায় চড়েছেন,ইলেকট্রিক চরকিতে ঘুরেছেন, চড়েছেন কেবল কারেও। স্বামীর সাথে বায়না ধরে কিনেছেন নানা ধরনের খেলনাপাতি।

ভাটপাড়া জেলা প্রশাসক ইকোপার্ক ঘুরে দেখা মেলে কয়েক হাজার দর্শনার্থী। দর্শনার্থীদের ভিড়ে পরিপুর্ণ পার্কে মানুষ বিভিন্ন ভাবে বিনোদন নিচ্ছে। কথা হয় মেহেরপুর সরকারি কলেজের সহযোহী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিনের সাথে। তিনি জানান, ঈদ মানে আনন্দ, ঈদ মানে উল্লাস, ঈদেরছুটিতে ঘর বন্দী হয়ে থাকতে চায়না মন। ছেলে মেয়েরাও বায়না ধরে ঘুরতে যাওয়ার। ছেলে মেয়ের আবদার এছাড়াও স্থানীয় পরিচিত মানুষের সাথে দেখা হবে,কথা হবে, এমন প্রত্যাশা নিয়ে ইকোপার্কে এসেছি। এখানে কয়েক হাজার মানুষ এসেছে। তবে

মেহেরপুরের অনেক বিনোদনের সম্ভাবনময় জায়গা থাকলেও নেই সরকারি তেমন নজরদারী ও পৃষ্ঠপোষকতা।

জানা গেছে,মেহেরপুর জেলায় ছোটবড় চারটি বিনোদনের স্থান রয়েছে। একটি মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স, অনন্যা পার্ক, সদর উপজেলার আমঝুপি নীলকুঠি, ভাটপাড়া নীলকুঠি ডিসি ইকোপার্ক। এই চারটি স্থানই ইতিহাস ও ঐতিহ্য সমৃদ্ধ। মেহেরপুর জেলার মানুষ অনেক বশী বিনোদন পিয়াসু। কিন্ত বিনোদনের জন্য তেমন কোন পর্যটন বা বিনোদন কেন্দ্র না থাকায় ২০১৭ সালে তৎকালীন জেলা প্রশাসক পরিমল সিংহ নিজ উদ্যোগে ভাটপাড়া গ্রামের কতিপয় যুবক,স্থানীয় সাংবাদিক, বীর মুক্তিযোদ্ধা,স্কুল শিক্ষক নিয়ে একটি ব্যাবস্থাপনা কমিটির মাধ্যমে নীলকুঠির ৩৩ একর জমিতে গড়ে তোলেন ইকোপার্ক। জেলা প্রশাসক বদলি হলে থমকে যায় পার্কের উন্নয়নকাজ। পার্কের সব কিছুই ধ্বংশের দ্বারপ্রান্তে। তবুও ঈদের দিন থেকে সপ্তাহ জুড়ে বিভিন্ন বয়সের মানুষের পদচারনায় মুখরিত থাকে পার্কের অভ্যন্তর।

মেহেরপুর জেলা প্রশাসক আজিজুল ইসলাম জানান, ঈদের বিনোদনের জন্য বিনোদনের স্থানগুলি পরিপুর্ণ হয়েছে। বিনোদন প্রিয় মানুষের নিরাপত্তা দিতে পুলিশ প্রশাসন ও আনসার সদস্যরা কাজ করছে। স্ব-স্ব উপজেলা প্রশাসন নিরাপত্তায় কাজ করছে। আমি নিজেও কায়েকটি স্থান ঘুরে দেখেছি। সকলে নির্বিগ্নে চলাফেরা করছে।

গাংনীতে বেপোরোয়া মোটরসাইকেলের ধাক্কায় শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট বাজারে মোটরসাইকেলের ধাক্কায় সাদিয়া খাতুন (১০) নামের এক শিশু মারা গেছে। শিশু সাদিয়া মেহেরপুরে গাংনী উপজেলার বাওট গ্রামের বাজার পাড়ার জিয়ারুল ইসলামের মেয়ে।

শনিবার (২২ এপ্রিল) বিকেল সাড়ে ৪টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া

সড়কের বাওট বাজারে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, শিশু সাদিয়া বাড়ির পাশে সড়ক পার হচ্ছিল। এসময় বেপোরোয়া গতিতে যাওয়া একটি মোটরসাইকেলে তাকে ধাক্কা দেয়। ওই ধাক্কায় সে গুরুতর ভাবে আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি বেসরকারি ক্লিনিকে ও পরে সেখান থেকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু ঘোষণা করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেছেন।

মেহেরপুরে আমরা’৮৫ সংগঠনের প্রয়াত সদস্যের স্মরণে ইফতার ও দোয়া অনুষ্ঠান

মেহেরপুরে সামাজিক সংগঠন আমরা’৮৫, মেহেরপুর এর আয়োজনে সংগঠনের ০৭ জন প্রয়াত সদস্যের স্মরণে ইফতার ও দোয়া অনুষ্ঠান করা হয়।

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে ৫ টার সময় মেহেরপুর শহরের হোটেলবাজার সংগঠনের অফিসে আমরা’৮৫, মেহেরপুরের উপদেষ্টা লে. কর্নেল (অব.) আলী রেজা’র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক সামসুল আযম লিন্টু, উপদেষ্টা ডা জে পি আগরওয়ালা সপ্পু, সহ সভাপতি প্রভাষক মফিজুল ইসলাম, সহকারী অধ্যাপক মাসুদ রেজা।

কোষাধ্যক্ষ মাহবুবুল হক মন্টু’র সঞ্চালনায় আরো বক্তব্য রাখেন নির্বাহী সদস্য আশিকুজ্জাম সবুজ, অঞ্চল ভট্টাচার্য্য, জুলফিকার আলী, আবুল হাসান মিঠু, শামীমুল ইসলাম, ওয়াহেদ মুরাদ সেন্টু, মোমিনুল হক, রাজ্জাক প্রমূখ।

পরে সংগঠনের সদস্য রফিকুল আলম প্রয়াত সদস্যদের স্মরণে দোয়া পরিচালনা করেন।

মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ে ঈদ উপহার বিতরণ

মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ে ঈদ-উল-ফিতর উপলক্ষে ঈদ সামগ্রী উপহারের আয়োজন করা হয়।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মচারী এবং ছাত্রছাত্রীদের মাঝে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পক্ষ থেকে ঈদ- উল-ফিতরের ঈদ উপহার সামগ্রী দেওয়ার আয়োজন করা হয়।

মেহেরপুর বুদ্ধি প্রতিবন্ধী অটিস্টিক বিদ্যালয়ের সভাপতি সৈয়দা মোনালিসা ইসলাম উপস্থিত থেকে ঈদ-উল-ফিতর উপলক্ষে ছাত্র-ছাত্রীদের কিছু খাবার, তাদের মায়েদের জন্য শাড়ি এবং তাদের পছন্দমত জামা কাপড় কেনার জন্য নগদ অর্থ প্রদান করে।

সৌদিতে চাঁদ দেখা গেছে, ঈদ শুক্রবার

সৌদি আরবের আকাশে বৃহস্পতিবার (২০ এপ্রিল) শাওয়াল মাসের চাঁদ দেখা গেছে। ফলে, দেশটিতে পবিত্র ঈদুল ফিতর উদযাপিত হবে আগামীকাল শুক্রবার (২১ এপ্রিল)। দিনভর নানা জল্পনা-কল্পনার পরে সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেছে সৌদির চাঁদ দেখা কমিটি। খবর আরব নিউজের।

সৌদির মানবসম্পদ ও সামাজিক উন্নয়ন মন্ত্রণালয় জানিয়েছে, দেশটিতে ঈদুল ফিতরের ছুটি ২১ এপ্রিল থেকে শুরু হবে। ছুটি থাকবে চারদিন। আগামী ২৫ এপ্রিল থেকে নিয়মিত সময়ে কাজ শুরু হবে।

বৃহস্পতিবার সন্ধ্যায় মুসলিমদের চাঁদ দেখার অনুরোধ জানিয়েছিল সৌদির চাঁদ দেখা কমিটি। চাঁদ দেখা যাওয়ায় দেশটিতে ২৯ রোজায় শেষ হলো পবিত্র রমজান মাস। শুক্রবারই ঈদের খুশিতে মেতে উঠবেন সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বসবাসকারী মুসলিমরা।

তবে বৃহস্পতিবার চাঁদ দেখা না যাওয়ায় আগামী শনিবার ঈদ উযাপনের ঘোষণা দিয়েছে বিশ্বের অন্তত আটটি দেশ। এদের মধ্যে রয়েছে অস্ট্রেলিয়া, সিঙ্গাপুর, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ব্রুনাই, থাইল্যান্ড, জাপান ও ফিলিপাইন।

শনিবার ঈদ উদযাপনের বিষয়ে মালয়েশিয়ার ‘কিপার অব দ্য রুলারস সিল’ সৈয়দ দানিয়াল সৈয়দ আহমদ বলেছেন, ইয়াং ডিপারতুয়ান আগাং (প্যারামাউন্ট রুলার প্রধান) আল-সুলতান আবদুল্লাহ রিয়াতউদ্দিন আল-মুস্তফা বিল্লাহ শাহ মালয়েশীয় শাসকদের সঙ্গে আলোচনার পরে ঈদের তারিখ ঘোষণায় সম্মতি দিয়েছেন।

মালয়েশিয়ার মতো চাঁদ দেখা যায়নি প্রতিবেশী দেশ ইন্দোনেশিয়াতেও। তারাও ঈদুল ফিতর উদযাপন করবে আগামী শনিবার। ইন্দোনেশিয়ার ধর্ম মন্ত্রণালয় এ ঘোষণা দিয়েছে বলে জানিয়েছে স্থানীয় সংবাদমাধ্যম কমপাস।

এশিয়ার আরেক দেশ ব্রুনেইও শাওয়াল মাসের চাঁদ দেখা না যাওয়ায় শনিবার ঈদুল ফিতর উদযাপনের ঘোষণা দিয়েছে। দুবাইভিত্তিক সংবাদমাধ্যম খালিজ টাইমস এ তথ্য নিশ্চিত করেছে।

এর আগে, মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বৃহস্পতিবার খালি চোখে শাওয়াল মাসের চাঁদ দেখতে পাওয়ার সম্ভাবনা নেই, এমন কথা জানিয়েছিলেন ১৩টি আরব দেশের ২৫ জন জ্যোতির্বিদ্যা বিশেষজ্ঞ।
সংযুক্ত আরব আমিরাতের আন্তর্জাতিক জ্যোতির্বিদ্যা কেন্দ্র (আইএসি) এক বিবৃতিতে জানায়, এই বিবৃতি ঈদুল ফিতরের সঠিক তারিখ নির্ধারণের উদ্দেশ্যে নয়। কারণ এটি আইনগত ও বৈজ্ঞানিক বিবেচনাসহ বিভিন্ন কারণে দিয়ে প্রভাবিত। এ বিবৃতিটির উদ্দেশ্য হলো, চাঁদ দেখার বিষয়ে কিছু বৈজ্ঞানিক ব্যাখ্যা প্রদান করা।
বিবৃতিতে বলা হয়, সূর্যাস্তের পর ক্ষণিকের জন্য আকাশে অর্ধচন্দ্রের উপস্থিতি এর দৃশ্যমানতার জন্য নির্ভরযোগ্য সূচক নয়। অর্থাৎ, সূর্যাস্তের পর সামান্য সময়ের জন্য আকাশে চাঁদ উঠলেও তা দেখা যাবে, এমন কোনো নিশ্চয়তা নেই।

আইএসি বলেছিল, পুরোনো এবং নতুন সব মানদণ্ড বলছে, আরব বিশ্ব

থেকে বৃহস্পতিবার খালি চোখে চাঁদ দেখা সম্ভব নয়। এই প্রত্যাশা কোনো ব্যক্তি বা দলের মতামত নয়, বরং বিশেষজ্ঞদের ঐকমত্য। সব বৈজ্ঞানিক মানদণ্ডের পরিপ্রেক্ষিতে আমরা বলতে করতে চাই, বৃহস্পতিবার আরব বা ইসলামিক বিশ্বে খালি চোখে অর্ধচন্দ্র দেখা সম্ভব নয়, এমনকি টেলিস্কোপ ব্যবহার করেও সম্ভব নয়।

আমিরাতভিত্তিক সংস্থাটি জানায়, যেসব দেশে খালি চোখেই চাঁদ দেখা যায় বা এশিয়ার দেশগুলো, যারা টেলিস্কোপ দিয়ে দেখে সিদ্ধান্ত গ্রহণ করে; ধারণা করা হচ্ছে, সেসব জায়গায় রমজান মাস ৩০ দিন হবে এবং ঈদুল ফিতর উদযাপিত হবে শনিবার (২২ এপ্রিল)।

কিন্তু শেষপর্যন্ত আইএসি’র ধারণা ভুল প্রমাণ করে বৃহস্পতিবারই সৌদির আকাশে উদয় হলো ঈদের চাঁদ।

মেহেরপুরের রাইপুরে প্রবাস ফেরৎ এক ব্যক্তিকে কুপিয়ে হত্যা

পূর্ব শত্রুতার জের ধরে মেহেরপুর সদর উপজেলার রাইপুরে শরিফুল ইসলাম (৪০) নামের এক প্রবাস ফেরত যুবককে কুপিয়ে হত্যা করেছে প্রতিপক্ষরা।

আজ বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এর আগে বিকাল ৩টার দিকে তাকে এলোপাতাড়ি কুপিয়ে জখম করে একরামুল হকসহ কয়েকজন দূর্বৃত্ত। নিহত শরিফুল ইসলাম রাইপুর খা পাড়ার বাবর আলীর ছেলে।

স্থানীয় কাবুল মেম্বর জানান, তিন বছর আগে বিদেশে নিয়ে যাওয়াকে কেন্দ্র করে আকছেদ আলীর ছেলে মোঃ এনামুল হক ওরফে খোকনের সাথে শরিফুলের শত্রুতা তৈরি হয়। এর পর শরিফুল দুবাইয়ে চলে যায়। গত দুই মাস আগে শরিফুল দেশে ফিরে আসে। আজ বিকালে শরিফুল মাঠ থেকে বাড়ি ফিরে আসার পথে এনামুল হক খোকন কৌশলে হাতিকাটার মোড়ে ডেকে

নিয়ে সেসহ কয়েকজন হাসুয়া দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর আহত করে। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম বলেন, ঘটনার পর থেকে আসামী আমিনুল ইসলাম খোকন পলাতক রয়েছেন। তাকে আটকের চেষ্টা চলছে। এঘটনার আর কেউ জড়িত আছে কিনা তদন্ত চলছে। লাশ ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

আমঝুপিতে এতিম তিন সন্তানদের ঈদ সহায়তা করলেন মউক

সারা দেশে তাপ প্রদাহ অব্যাহত রয়েছে, গতকাল বুধবার মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের সাকো পাড়ার দিন মজুর আবুবক্কর মাঠে যাওয়ার পথে হিট স্টোকে আক্রান্ত হয়ে মারা যায়।

আবু বক্করের মৃত্যুর পরে পরিবারে থাকা ৩ কন্যা সন্তান এতিম হয়ে পড়ে। স্ত্রী পারভিনা খাতুন অসুস্থ হয়ে বছর তিন আগে মারা যায়।

পরিবারের ৩ কন্যা সন্তান পিতা-মাতা মারা যাওয়ায় এতিম অবস্থায় চরম অসহায় অবস্থায় মানবেতর ভাবে বাড়িতে অবস্থান করছে। বাড়ীর বড় মেয়ে আয়শার বিয়ে হলে ও মেজো মেয়ে আমেনা আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী, ছোট মেয়ে মরিয়ম আমঝুপি আলীম মাদ্রাসার ৪র্থ শ্রেণীতে পড়ে।

মানবধীকার সংগঠন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম ও মানবতার চোখের পক্ষে থেকে আজ বৃহস্পতিবার বিকাল ৫টার দিকে অসহায় পরিবারের শিশুদের মাঝে ঈদের নতুন জামা কাপড় ও ঈদের খাদ্যে সামগ্রী তুলে দেন। এ সময়ে ইউপি সদস্য মকবুল হোসেন উপস্থিত ছিলেন।